



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং : মাউশিবোর্ডি/পনি/পরীঃ/২০২৬/১৭৫(০৩)

তারিখ : ০৩/০৬/২০২৬ খ্রি.

বিষয় : ২০২৬ সালের এইচএসসি পরীক্ষার নতুন পরীক্ষক Online-এ রেজিস্ট্রেশন ও পূর্বে রেজিস্ট্রেশনধারীদের তথ্য হালনাগাদকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের এইচএসসি পরীক্ষার পরীক্ষক ও প্রধান পরীক্ষক নির্বাচনের জন্য আগামী ২৫/০৬/২০২৬ তারিখের মধ্যে Online-এ নতুন পরীক্ষক রেজিস্ট্রেশন ও ইতোপূর্বে রেজিস্ট্রেশনধারীদের তথ্য হালনাগাদকরণের (যদি প্রয়োজন হয়) জন্য Website : <https://hsc-dbtp-2026.dinajpurboard.gov.bd>-এ Login করে প্রয়োজনীয় কার্য সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

Online এ তথ্য প্রদানের সময় অবশ্যই নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে :

০১। বিশেষ নির্দেশনা :

- ক) যে সকল সম্মানিত শিক্ষক ইতোমধ্যে অবসরে গিয়েছেন এবং যারা আগামী পরীক্ষার ফলাফলের পূর্বে অবসরে যাবেন তাঁদের পরীক্ষক হওয়ার জন্য আবেদন করার প্রয়োজন নেই।
- খ) 'স্কুল এন্ড কলেজ' এরূপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে ভারপ্রাপ্ত অধ্যক্ষগণ কলেজ পর্যায়ের আবেদনের ক্ষেত্রে অধ্যক্ষ হিসেবে Profile খুলবেন, কিন্তু কলেজ পর্যায়ের উত্তরপত্র গ্রহণ করবেন না।
- গ) যে সকল শিক্ষক এখনও এমপিওভুক্ত হননি, তাদের পরীক্ষক হওয়ার জন্য আবেদন করার প্রয়োজন নেই।
- ঘ) সংস্থা পরিচালিত (বিশেষায়িত) শিক্ষা প্রতিষ্ঠানের যে সকল শিক্ষক সংস্থার নিকট থেকেই বেতন-ভাতাদি গ্রহণ করেন সে সকল প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ে পাঠদানকারী শিক্ষকগণ নিবন্ধন হালনাগাদকরণ কিংবা নতুন করে নিবন্ধন সম্পন্ন করতে পারবেন।

০২। নতুন রেজিস্ট্রেশনের ক্ষেত্রে :

- ক) নিজ সচল মোবাইল নম্বর User ID হিসেবে ব্যবহার করবেন।
- খ) Password (ইচ্ছে মত দিবেন) নিজ দায়িত্বে সংরক্ষণ করবেন।
- গ) সকল তথ্য পূরণের পর সোনালী ব্যাংকের হিসাব নম্বর ১৩ ডিজিটের দিবেন এবং Update দিবেন। Update-এ ক্লিক করলে কি মেসেজ দেখাচ্ছে তা দেখে কাজ করবেন। তারপর শিক্ষাগত তথ্যসমূহ দিয়ে Confirm Button-এ ক্লিক করে প্রিন্ট নিয়ে রাখবেন। উল্লেখ্য Update Button-এ আগে ক্লিক না করে Confirm Button-এ ক্লিক করবেন না।

০৩। পূর্বে রেজিস্ট্রেশনধারীদের ক্ষেত্রে :

- ক) প্রোফাইলে প্রবেশ করে সোনালী ব্যাংকের ১৩ ডিজিটের হিসাব নম্বর দিবেন (১৩ ডিজিট থাকলে আর প্রয়োজন নাই)। ১৩ ডিজিটের একাউন্ট নম্বর না থাকলে অনলাইনে সম্মানী প্রেরণ সম্ভব হয় না।
- খ) পদবী পরিবর্তন হলে তা পরিবর্তন করে দিবেন।
- গ) প্রতিষ্ঠান পরিবর্তন হলে EIIN নম্বর, জেলা, উপজেলা পরিবর্তন করে দিবেন।
- ঘ) সর্বশেষ Update-এ ক্লিক করে Confirm Button-এ ক্লিক করে Logout করবেন।
- ঙ) Password ভুলে গেলে Principal মহোদয়ের Profile এ প্রবেশ করে হালনাগাদ করতে পারবেন।

বিঃদ্র: প্রতিষ্ঠান প্রধান তাদের নিজস্ব Principal পদবি দিয়ে রেজিস্ট্রেশনকৃত প্রোফাইলে Login করে তার প্রতিষ্ঠানের শিক্ষকদের তথ্য ভালোভাবে যাচাই-বাছাই করবেন। প্রয়োজনে প্রতিষ্ঠান প্রধান নিজস্ব প্রোফাইলে প্রবেশ করে Teachers List থেকে View/Edit/Delete অপশন ব্যবহার করে শিক্ষকদের তথ্য সংশোধন/সংশোধন/বিয়োজন করতে পারবেন। প্রতিষ্ঠানের অধীন কোন ভূঁয়া শিক্ষক রেজিস্ট্রেশন করে থাকলে অথবা ভুল তথ্য দিয়ে থাকলে সৃষ্ট জটিলতার জন্য তার দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

অধ্যক্ষ

দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন

সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান।

অনুলিপি : অবগতি ও কার্যার্থে বিতরণ-

০১। সচিব, দিনাজপুর শিক্ষা বোর্ড।

০২। সংশ্লিষ্ট সকল শিক্ষক, দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।

০৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, দিনাজপুর শিক্ষা বোর্ড।

০৪। Website ও অফিস কপি।

০৩/০৬/২০২৬
প্রফেসর মোঃ বোরহান উদ্দিন

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর